

প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু ১৮ নভেম্বর

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক | ঢাকা, বৃহস্পতিবার, ২৬ জুলাই ২০১৮

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হবে আগামী ১৮ নভেম্বর। শেষ হবে ২৬ নভেম্বর। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এ পরীক্ষা সংক্রান্ত সিয়ারিং কমিটির সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, এবার সকাল সাড়ে ১০টায় পরীক্ষা শুরু হবে। পরীক্ষার সময় আগের মতোই আড়াই ঘণ্টা। আগে পরীক্ষা শুরু হতো বেলা ১১টায়। সরকারি ছুটি এবং খ্রিস্টীয় ধর্মাবলম্বী সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট সম্প্রদায়ভুক্ত পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে সময়সূচিতে শনিবার পরীক্ষা রাখা হয়নি। এবার উত্তরপত্র মূল্যায়ন হবে একই উপজেলায়। আগে ভিন্ন উপজেলায় উত্তরপত্র মূল্যায়ন করা হতো। উপজেলা নির্বাহী কর্মকর্তা এ মূল্যায়ন কমিটির আহ্বায়ক ও উপজেলা শিক্ষা কর্মকর্তা সদস্য সচিব থাকবেন। কেন্দ্রীয়সহ বিভিন্ন পর্যায়ে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে। এবার থেকে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট সময় দেয়া হবে। আগে এ সময় দেয়া হতো ২০ মিনিট।

সভায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ্জামান, অতিরিক্ত সচিব ড. এএফএম মনজুর কাদির ও অতিরিক্ত সচিব (প্রশাসন) হাসিবুল আলম, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি, এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা প্রমুখ।